# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

**ক্রেডিট বিভাগ**

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯,
০২২২৩৩৫৮৬৮১
ই-মেইলঃdgmppd@krishibank.org.bd


নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-(শাখা-৫)/রুমাবি-৩৪২(সিজিএস)/২০২২-২০২৩/ ২(৩১২(৪২৫০) তারিখঃ ২৯.০৩.২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা সমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ 'আর্থিক সেবাভুক্তি ক্রেডিট গ্যারান্টি স্কিম (FICGS)' এর আওতায় ২০২৩ সালের Portfolio Guarantee Limit (PGL) নির্ধারণ প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টের পত্র নং-২৭৬, তারিখঃ ১৫.০৩.২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২২, তারিখ: ২৩ জানুয়ারি ২০২২ এর মাধ্যমে "১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্নআয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম"এর আওতায় জামানতবিহীন ঋণ/বিনিয়োগের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান সংক্রান্ত নীতিমালা জারি করা হয়েছে, যা অত্র বিভাগের পত্র নং-১৪২১(১২৫০), তারিখঃ ২৭.০১.২০২২ মূলে মাঠ পর্যায়ে জারি করা হয়েছে। 'আর্থিক সেবাভুক্তি ক্রেডিট গ্যারান্টি স্কিম (FICGS)'এর আওতায় জামানতবিহীন ঋণ/বিনিয়োগের বিপরীতে গ্যারান্টি সুবিধা গ্রহনের লক্ষ্যে অত্র ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহন চুক্তি সম্পাদন করা হয়েছে।

০৩। আলোচ্য স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক অত্র ব্যাংক এর জন্য ২০২৩ সালের Portfolio Guarantee Limit (PGL) ১.০০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তা/জনগণের সহজ শর্তে এবং কম সুদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্তি ত্বরান্বিত করা এবং অর্থনৈতিক কর্মকান্ড আরও গতিশীল করার লক্ষ্যে 'আর্থিক সেবাভুক্তি ক্রেডিট গ্যারান্টি স্কিম (FICGS)' এর আওতায় ঋণ প্রদানের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের উল্লেখিত পত্রের নির্দেশনা অনুসরণের পরামর্শ প্রদান করা হলো।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক জারিকৃত এ সংক্রান্ত নীতিমালাসমূহ যথাযথ অনুসরণপূর্বক আলোচ্য স্কিমের আওতায় নির্দেশিত পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) এর অধীন জামানতবিহীন ঋণ/বিনিয়োগের বিপরীতে গ্যারান্টি রেজিস্ট্রেশন প্রস্তাব অত্র বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

সংযুক্তিঃ বর্ণনামতে।

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-(শাখা-৫)/রুমাবি-৩৪২(সিজিএস)/২০২২-২০২৩/ ২(৩১২(১২৫০) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ,বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা।**উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

www.bb.org.bd

ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট

সূত্র নং- সিজিডি/৭১৪(০১)-এফআইসিজিএস/২০২৩-২৭৬

তারিখঃ ১৫ মার্চ, ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**'আর্থিক সেবাভুক্তি ক্রেডিট গ্যারান্টি স্কিম (FICGS)' এর আওতায়**
**২০২৩ সালের Portfolio Guarantee Limit (PGL) নির্ধারণ প্রসঙ্গে।**

অত্র ডিপার্টমেন্টের সাথে আপনাদের ১৮/০৪/২০২২ তারিখে সম্পাদিত অংশগ্রহণ চুক্তির (Participation Agreement) আওতায় ২০২৩ সালের জন্য Portfolio Guarantee Limit (PGL) ১.০০ কোটি টাকা নির্ধারণ করা হলো।

প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তা/জনগণের সহজ শর্তে এবং কম সুদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্তি ত্বরান্বিত করা এবং অর্থনৈতিক কর্মকান্ড আরও গতিশীল করার লক্ষ্যে 'আর্থিক সেবাভুক্তি ক্রেডিট গ্যারান্টি স্কিম (FICGS)' আওতায় আপনাদের ব্যাংকের প্রতিটি শাখা হতে প্রতি ত্রৈমাসিকে সহায়ক জামানতবিহীন ন্যূনতম ১টি ঋণ/বিনিয়োগ ক্রেডিট গ্যারান্টি সুবিধার আওতায় প্রদানের জন্যও আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ অলিউল ইসলাম)
যুগ্ম-পরিচালক
মোবাইল ফোনঃ ০১৭১০৭৭৫৩৬৩